45

0 5 MAY 1995

তারিখ 0 5 MAY 1995
পৃষ্ঠা কলাম

দৈনিক ইত্তেফাক

# মাদারীপুরে ৫টি মাধ্যমিক বিদ্যালয়ে নানা সমস্যা

মাদারীপুর সংবাদদাতা ॥ আসবাবপত্রের অভাব, অর্থসংকট-বিজ্ঞান ভবন না থাকা, শৌচাগার সমস্যা, বিদ্যালয় গৃহের জরাজীর্ণ অবস্থাসহ নানা সমস্যায় জর্জরিত মাদারীপুরের ৫টি মাধ্যমিক বিদ্যালয়ে লেখাপড়া বিঘ্নিত হইতেছে। ১৯৬৩ সালে স্থাপিত ঘটকচর বহুমুখী উচ্চ বিদ্যালয়ের অফিস ভবনের ছাদ যে কোন সময় ধসিয়া পড়িতে পারে। প্রায় ১১ শত ছাত্র-ছাত্রী বিদ্যালয়টিতে লেখা-পড়া করে। শ্রেণী কক্ষে স্থান সংকুলান সমস্যা রহিয়াছে। দীর্ঘদিনেও বিজ্ঞান ভবন স্থাপিত হয় নাই। বিদ্যালয়টির প্রধান সড়কের পার্শ্বে বহির্দেয়াল নির্মাণ করা দরকার। প্রায় ৪ শত ছাত্রী বর্তমানে লেখাপড়া করিলেও ভাল ছাত্রী মিলনায়তন নাই। খোয়াজপুর-টেকেরহাট উচ্চ বিদ্যালয়টিতে প্রায় ৬ শত ছাত্রছাত্রী লেখাপড়া করিতেছে। অর্থ সঙ্কটের কারণে অনেক গুরুত্বপূর্ণ কাজ করা সম্ভব হইতেছে না। স্থান সঙ্কুলান সমস্যা প্রকট। বিদ্যালয় সংলগ্ন মাঠটি অত্যন্ত নীচু হওয়ায় বৃষ্টির সময় পানি জমিয়া যায়। মাঠটি ভরাট

(৪র্থ পৃ: দ্র:)

## মাদারীপুরের

(৩য় পৃ: পর)

করা প্রয়োজন। বিদ্যালয়ের ভিটি কাঁচা। প্রয়োজনীয় আসবাবপত্র নাই। আরও শৌচাগার প্রয়োজন।

রাজৈর থানার চরমস্তফাপুর নিম্ন মাধ্যমিক বিদ্যালয়টিতে প্রায় ২৩০ জন ছাত্র-ছাত্রী লেখা-পড়া করিতেছে। ১৯৭২ সালে স্থাপিত বিদ্যালয়গৃহের ভিটির মাটি ৮৮ সালের বন্যায় ধুইয়া যায়। আজ পর্যন্ত পুনঃসংস্কার হয় নাই। আসবাবপত্রের অভাব রহিয়াছে। টিনের গৃহে সিলিং না থাকায় রৌদ্রের সময় ক্লাস করা কষ্টকর হইয়া দাঁড়ায়। আরও বিজ্ঞান যন্ত্রপাতি প্রয়োজন। লাইব্রেরী নাই। লেট্রিনটি পাকা করা দরকার। শিবচর থানার শহীদ হোসেন উচ্চ বিদ্যালয়ের মাঠটি ভরাট ও সংস্কার প্রয়োজন। ১৯৭১ সালে স্থাপিত এই বিদ্যালয়টিতে আরও আসবাবপত্র প্রয়োজন। ভিটি কাঁচা হওয়ায় বর্ষা মৌসুমে ছাত্র-ছাত্রীদের অসুবিধা হয়। বর্তমানে প্রায় ৩ শত ছাত্র-ছাত্রী লেখা-পড়া করিতেছে। সম্পূর্ণ গৃহে সিলিং নাই।

কালকিনি থানার কালিগঞ্জ বহুমুখী উচ্চ বিদ্যালয়টিতে আজও বিজ্ঞান ভবন নির্মিত হয় নাই। ১৯৬৭ সালে পুনঃস্থাপিত এই বিদ্যালয়ে বর্তমানে প্রায় ৫ শত ছাত্র-ছাত্রী লেখাপড়া করিতেছে। তন্মধ্যে ছাত্রী প্রায় ২ শত। ভাল ছাত্রী- মিলনায়তন নাই। স্থান সংকুলান সমস্যা দিন দিন প্রকট আকার ধারণ করিতেছে। আসবাব পত্রের বিশেষ করিয়া বসিবার বেঞ্চের অভাব রহিয়াছে। ভিটি কাঁচা হওয়ায় বর্ষা মৌসুমে ক্লাস করিতে অসুবিধার সৃষ্টি হয়। সম্পূর্ণ গৃহে সিলিং নাই। আরও সৌচাগার স্থাপন করা দরকার।